দর্শনায় তরুণ আবিষ্কারক জাহিদকে সম্মানস্বরূপ আর্থিক সহায়তা দিলেন পৌর প্রশাসক

দর্শনা সরকারি কলেজের মেধাবী শিক্ষার্থী এবং তরুণ বিজ্ঞানী জাহিদ হাসান জিহাদকে তার উদ্ভাবনী কাজের স্বীকৃতি হিসেবে সম্মানস্বরুপ আর্থিক সহায়তা প্রদান করেছে দর্শনা পৌরসভা। গতকাল মঙ্গলবার দুপুরে পৌরসভা কার্যালয়ে এক অনুষ্ঠানে পৌর প্রশাসক কে এইচ তাসফিকুর রহমান এই অর্থ সহায়তা জিহাদের হাতে তুলে দেন।

তিনি বলেন, এ ছোট ছেলেটি নিজের মেধাকে কাজে দেশসেরা উদ্ভাবক নির্বাচিত হয়েছেন। সে আজ দেশের সম্মান বৃদ্ধি করার লক্ষ্যে মালয়েশিয়ায় যাচ্ছেন। তার রোবটিক উদ্ভাবন শক্তি দ্বারা সে যেন দেশের সম্মান আরও বৃদ্ধি করতে পারে সেই দোয়া করি। আমাদের ক্ষুদে বিজ্ঞানীরাই একদিন নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে বাংলাদেশকে বিশ্ব দরবারে অন্যরকম উচ্চতায় নিয়ে যাবে। জিহাদের মতো প্রতিভাবান তরুণদের পাশে থাকতে পেরে দর্শনা পৌরসভা গর্বিত। তার স্বপ্ন পূরণে আমরা সবসময় সহযোগিতা করব।

এসময় আরও উপস্থিত ছিলেন, পৌর সচিব সাজেদুল আলম, পৌর হিসাবরক্ষক আরিফিন হোসেন, করনির্ধারক জাহিদুল ইসলাম, উচ্চমান সহকারী শাহ আলম, প্রধান সহকারী রুহুল আমিনসহ অন্যান্য কর্মচারীবৃন্দ।

মেহেরপুরে অনলাইন জুয়ার আর্থিক লেনদেনে ব্যবহৃত শতাধিক এজেন্ট সিম ব্লক

মেহেরপুর জেলায় একটি মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের শতাধিক এজেন্ট সিম ব্লক করে দেওয়া হয়েছে। মূলত অস্বাভাবিক লেনদেন ও

অনলাইন জুয়ার আর্থিক লেনদেনে এজেন্ট সিম গুলো ব্যবহৃত হয় বলে প্রাথমিকভাবে নিশ্চিত হওয়াতে এই ব্যবস্থা নেয়া হয়েছে। ফলে অনলাইন জুয়াতে ব্যবহৃত বিপুল অর্থ আটকে যাওয়াসহ সিম গুলোর কার্যক্রম বন্ধ হয়ে গেছে।

বৃহস্পতিবার (২৯ মে) সন্ধ্যায় ঢাকা সিআইডি ও বাংলাদেশ ব্যাংকের বিএফআইইউ ইউনিটের একাধিক দায়িত্বশীল কর্মকর্তা এই তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে গত ২৭ মে সিআইডির বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) জসীম উদ্দিন খানের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে গণমাধ্যম কর্মীদের জানানো হয়েছিল, সদ্য জারি হওয়া সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫ অনুসারে অনলাইন জুয়া ও বেটিংয়ের বিরুদ্ধে সারা দেশে জোরদার অভিযান শুরু করেছে বাংলাদেশ পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)।

মূলত গত ২১ জানুয়ারি মেহেরপুর প্রতিদিনসহ কয়েকটি জাতীয় পত্রিকায় সংবাদ প্রকাশিত হলে প্রকাশের পর মেহেরপুর জেলা কেন্দ্রিক সারা দেশে অনলাইন জুয়া পরিচালনা নেটওয়ার্কের বিষয়টি সামনে উঠে আসে। এরপর থেকে অনলাইন জুয়ার ক্ষতিকর প্রভাব নিয়ে মুখ খুলতে শুরু করে বিভিন্ন মহলের মানুষ। এতে তৎপর হয়ে ওঠে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সহ সরকারি বিভিন্ন গোয়েন্দা সংস্থা। সরকারের একাধিক উপদেষ্টাও অনলাইন জুয়া নিয়ন্ত্রণ ও অপরাধীদের শাস্তির আওতায় আনতে সোচ্চার হয়ে ওঠেন। এরই ফলশ্রুতিতে সম্প্রতি পাশ হওয়া সাইবার সিকিউরিটি অধ্যাদেশে প্রথমবারের মতো অনলাইন জুয়া সংক্রান্ত ধারা যুক্ত করা হয়। অনলাইন জুয়াকেও নিষিদ্ধ ঘোষণা করা হয়। এরপর মাঠে নামে সিআইডির অর্গানাইজ ক্রাইম বিভাগের একাধিক বিশেষ টিম।

নাম প্রকাশে অনিচ্ছুক ঢাকা সিআইডির একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেন, ‘মেহেরপুর জেলাতে বিভিন্ন মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের ব্লক করা এজেন্ট সিম গুলির অধিকাংশই বিকাশের। এর বাইরে আরো প্রায় সহস্রাধিক এজেন্ট সিম সন্দেহজনক ও অস্বাভাবিক লেনদেনের কারণে নজরদারিতে রাখা হয়েছে। জুয়ার সাথে সম্পৃক্ততার প্রমাণ পেলে তৎক্ষণাৎ সেগুলো বন্ধ করা হবে এবং সিমের মালিক ও পরিচালনাকারীদের আইনের আওতায় নিয়ে আসা হবে। অতীতে আইনের দুর্বলতার কারণে দুষ্কৃতকারীরা ছাড় পেয়ে গেলেও এবার আর সেই সুযোগ পাবে না। ‘

[redacted]

[redacted]-[redacted] [redacted], [redacted] [redacted] [redacted]

বিএনপি

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারপারসন দেশ নায়ক তারেক রহমানের নির্দেশে ঝিনাইদহের কোটচাঁদপুরে গত ১৯ শে মার্চ পৌর শহরে ২ নম্বর ওয়ার্ডে চুলার আগুনে পুড়ে ছাই হয়ে যাওয়া ৫ পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান করেছে বিএনপি নেতৃবৃন্দ।

আজ শনিবার দুপুরে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে এই আর্থিক সহায়তা প্রদান করা হয়। নগদ অর্থ প্রদান করেন বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষণা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

সে সময় উপস্হিত ছিল, উপজেলা বিএনপি’র সভাপতি আব্দুর রাজ্জাক, পৌর বিএনপির সভাপতি এস.কে.এম সালাহ উদ্দীন বুলবুল সিডল, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, ঢাকা কলেজ ছাত্রদলের সাবেক ছাত্রনেতা জুলফিকার আলী রাজা, উপজেলা বিএনপি’র দপ্তর সম্পাদক শহিদুল ভুাইয়া, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু,

উপজেলা যুবদলের আহ্বায়ক আশারাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা যুবদলের যুগ্ন আহ্বায়ক শরিফুল ইসলাম শান্ত, পৌর ছাত্র দলের সদস্য সচিব ফজলে রাব্বি প্রমূখ।

এসময় বিএনপি সহ সকল অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।